গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা।
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১০৪.১১.০৪০.১২.৩৬৩ তারিখ ঃ ১৮-১০-২০১২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা ) নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | ১(এক) | ৫৫০০-১২০৯৫/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ০২ | ব্যক্তিগত সহকারী | ৩(তিন) | ৫২০০-১১২৩৫/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীদের সাঁটলিপিতে প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ইংরেজীতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ এবং কম্পিউটার প্রতিমিনিটে সর্বনিম্ন গতি মুদ্রাক্ষরে ইংরেজীতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকিতে হইবে। |
| ০৩ | গবেষণাগার সহকারী | ৯(নয়) | ৪৯০০-১০৪৫০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে । |
| ০৪ | ডাটা এন্ট্রি অপারেটর | ২(দুই) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে); এবং<br>(খ)কম্পিউটারে ডাটা এন্ট্রি কাজে **Standard Aptitude Test** এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৬৫(পঁয়ষট্টি) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজী ২০ শব্দ। |
| ০৬ | ক্যামেরাম্যান | ১(এক) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডিজিটাল স্টীল ক্যামেরায় ছবি ধারণ, সংরক্ষণ ও প্রিন্ট করার এবং ভিডিও ক্যামেরা পরিচালনায় অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৭ | সহকারী হিসাব রক্ষক | ১(এক) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ)কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৮ | অভিযোগ গ্রহণকারী | ৩(তিন) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে । |
| ০৯ | গাড়ীচালক | ৫(পাঁচ) | ৪৭০০-৯৭৪৫/-<br>(হালকা লাইসেন্স)<br>৪৯০০-১০৪৫০/-<br>(ভারী লাইসেন্স) | অষ্টম শ্রেণী পাশ। লাইট এবং হেভী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। তবে অভিজ্ঞতাসম্পন্ন এবং কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | নমুনা সংগ্রহকারী | ২(দুই) | ৪২৫০-৮১৪০/- | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন। |

২। আবেদনপত্র স্বহস্তে এবং মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন(৮ম তলা), ঢাকা বরাবরে লিখিত হইবে।

৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি করপোরেশনের কাউন্সিলরের নিকট হইতে নাগরিকত্বের সনদ এবং ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪। আবেদনপত্রের সহিত সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সংরক্ষিত কোটায় আবেদনের সপক্ষে প্রমানপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৫। আবেদনকারীর সাথে পত্র যোগাযোগের জন্যে আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা সম্বলিত ৬(ছয়) টাকার ডাক টিকেট সংযুক্ত একটি খাম আবেদন পত্রের সাথে দাখিল করিতে হইবে।

৬। গাড়ীচালক পদের জন্য গাড়ী চালনার (হেভী ও লাইট) বৈধ লাইসেন্সের সত্যায়িত কপি ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সংযুক্ত করিতে হইবে। গাড়ীচালক পদের আবেদনকারীকে রেজিষ্টার্ড ডাক্তারের নিকট হইতে চোখ ও কান পরীক্ষার মূল সনদ পত্র আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

৭। আবেদনপত্রে অবশ্যই **(ক) নাম (খ) পিতার/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) জাতীয়তা (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) এবং (ঞ) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার** পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/ **আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/ উপজাতি/ প্রতিবন্ধী সম্পর্কিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে।**

৮। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হইবে না।

৯। প্রার্থীর বয়স **১৮-১২-২০১২** তারিখে অনুর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সম্পর্কে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

১০। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসাবে আবেদন করিতে পারিবেন না এবং আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে সমপদে চাকুরী করিতে বাধ্য থাকিবেন।

১১। সরকারী বিধি বিধান মোতাবেক সরকার নির্ধারিত জেলা ও অন্যান্য কোটা সংরক্ষণ করা হইবে।

১২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রতিবন্ধী, উপজাতি ও আনসার(ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

১৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে "প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা" এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

১৪। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে **১-১৭৪২-০০০০-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা জমাদানের (অফেরৎযোগ্য) ট্রেজারী চালানের (সোনালী ব্যাংকের) মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে। এ ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

১৫। আবেদনপত্র দাখিলের সময় খামের উপর পদের নাম, নিজ জেলার নাম ও প্রার্থী যে কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করিবেন তাহা উল্লেখ করিতে হইবে।

১৬। কেবলমাত্র **নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই নিয়োগের জন্য যোগ্য** বিবেচিত হইবেন। এক্ষেত্রে **কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।**

১৭। আবেদনকারীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য **কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না।**

১৮। কোন প্রার্থী মিথ্যা বা ভুল তথ্যের মাধ্যমে আবেদন করিয়া চাকুরীর জন্য বিবেচিত হওয়ার পর তাহা মিথ্যা বা ভুল প্রমানিত হইলে তাহাকে তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুত করা হইবে এবং দেশের প্রচলিত আইনে তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৯। আবেদনপত্র **ডাকযোগে** আগামী **১৮/১২/২০১২ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে** জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১, কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকায় পৌছাইতে হইবে।

২০। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২১। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(মো: রেজাউল করিম সেখ)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)